ডাক্তারদের সভা

শনিবার করণদিঘি ব্লকের সাবধান হাইস্কুলে গ্রামীণ চিকিৎসকদের এক সভা অনুষ্ঠিত হল। আরএমপিএ'র রাজ্য কমিটির সদস্য মনোয়ার হোসেন জানান, নানা কর্মসূচির বিষয়ে আলোচনা করা হয়েছে।

বিক্রি বাড়ার আশায় হাট ব্যবসায়ীরা

চা বাগানে বোনাস দেওয়া শুরু হওয়ায় খুশির হাওয়া ডুয়ার্সে

বিদেশ বসু ও মোস্তাক মোরশেদ হোসেন

মালবাজারে পুজোর বাজারে ক্রমেই বাড়ছে ভিড়। – সংবাদচিত্র

মালবাজার ও রাঙ্গালিবাজনা, ২৫ সেপ্টেম্বর : তাঁরা কেউ চা বাগানের শ্রমিক অথবা কর্মচারী নন। কিন্তু চা বাগানের শ্রমিকদের বোনাস ঘোষিত হওয়ায় খুশি ডুয়ার্সের হাট ব্যবসায়ীরা। ওঁদের মধ্যে কেউ জামাকাপড় বিক্রি করেন, কেউ জুতো বিক্রেতা। কিন্তু চা শ্রমিকদের বোনাসের ওপরই নির্ভর করে তাঁদের পুজোর মরশুমের ব্যবসার লাভক্ষতি। দুর্গাপুজো মানেই কেনাকাটা। বোনাস পেয়ে শ্রমিক-কর্মচারীরা বাজারে নতুন জামাকাপড় কিনতে আসবেন, সেই আশায় এখন পথ চেয়ে রয়েছেন ডুয়ার্সের ব্যবসায়ীরা। করোনা পরিস্থিতিতে বাজার এমনিতেই খারাপ। মানুষের ক্রয়ক্ষমতাও কমেছে। বোনাস পেলে হাটগুলিতে পুজোর বাজার জমবে বলে আশা করছেন ব্যবসায়ীরা। রবিবার বহু বাগানে সাপ্তাহিক হাট বসবে। তাই পাইকারি বাজার থেকে জামাকাপড় ও অন্য সামগ্রী কিনে ইতিমধ্যেই মজুতও করেছেন তাঁরা।

মাল ব্লকের ডামডিম, গুডহোপ, ওয়াশাবাড়ি, নেওড়া নদী, রাঙ্গামাটির মতো বেশ কিছু বাগানে ইতিমধ্যেই বোনাস হয়ে গিয়েছে। তারপরে মাল শহরের বাজারও জমতে শুরু করেছে। তাই আশার আলো দেখছেন হাট ব্যবসায়ীরাও। মাল হাট ব্যবসায়ী সমিতির সম্পাদক কমল দত্ত বলেন, 'রবিবার মাল শহরের পাশাপাশি ওদলাবাড়ি, মেটেলি সহ বেশ কিছু এলাকায় সাপ্তাহিক হাট রয়েছে। আশা করছি সেখানেও ক্রেতারা আসবেন।' মাল স্টেশন রোডের পোশাক ব্যবসায়ী অশোককুমার সাহা বলেন, 'আমরাও চা বাগানগুলিতে বোনাস দেওয়ার খবর শুনেছি। আশা করছি রবিবার থেকে পুজোর বাজার গতি পাবে।' একই আশার কথা শোনান স্টেশন রোডের আরেক পোশাক ব্যবসায়ী উজ্জ্বল আইচ।

একই পরিস্থিতি ডুয়ার্সের অন্য প্রান্ত আলিপুরদুয়ারেও। জেলার চা বলয়ের বীরপাড়া, শিশুবাড়ি, মাদারিহাট, হ্যামিল্টনগঞ্জ, কুমারগ্রামের ফুলকুলির মতো বড় হাটগুলি ছাড়াও বহু চা বাগানে ছোট সাপ্তাহিক হাট বসে। এথেলবাড়ির চেকপোস্ট এলাকার বস্ত্র ব্যবসায়ী প্রভু শা চা বাগানের হাটে ব্যবসা করেন। ডিমডিমা চা বাগানের হাটে পসরা সাজিয়ে তিনি বলেন, 'এখনও পর্যন্ত তেমন বিক্রি নেই, কারণ মানুষের হাতে টাকা নেই। তবে চা বাগানের শ্রমিকরা বোনাসের টাকাটা হাতে পেলে ব্যবসায় মন্দা অনেকটা কাটবে।'

ফালাকাটার নরসিংহপুরের বস্ত্র ব্যবসায়ী উত্তম দত্ত, ভাস্কর দত্ত প্রমুখ জানান, করোনা পরিস্থিতির জেরে দেড় বছর ধরে হাট ব্যবসায় মন্দা চলছে। তবে চা বাগানে বোনাসের খবরে এবার পুজোর আগে ব্যবসা নিয়ে তাঁদের ভরসা বেড়েছে। বীরপাড়া ব্যবসায়ী সমিতির সম্পাদক কার্তিক সরকার বলেন, 'করোনার প্রকোপ কমেছে। বিধিনিষেধও অনেকটাই লঘু করা হয়েছে। তার ওপর বোনাস পেতে চলেছেন চা বাগানের শ্রমিকরা। পরিস্থিতির কিছুটা উন্নতি হয়তো হবে।'

তবে নিয়মের জটিলতায় আলিপুরদুয়ারের অনেক শ্রমিকের বরাতে ২০ শতাংশ বোনাস জুটবে না। তাই সেটা নিয়ে একটু চিন্তা রয়েছে ব্যবসায়ীদের। হ্যামিল্টনগঞ্জ ব্যবসায়ী সমিতির এগজিকিউটিভ বডির সদস্য গৌতম সাহা বলেন, 'চা বাগানে পুজোর বোনাস হলেই যে হাট-বাজারে মন্দা কাটবে, এটা বলা যায় না। তবে কিছুটা হলেও ভালো প্রভাব পড়বে বলে আশা করাই যায়।'

দুই রেঞ্জকে ব্যবস্থা নেওয়ার আর্জি গ্রামবাসীদের

ফসল যাচ্ছে হাতির পেটে

বনাধিকারিকদের সঙ্গে বৈঠক করছেন আংরাভাসা-১ পঞ্চায়েতের বাসিন্দারা।

নাগরাকাটা, ২৫ সেপ্টেম্বর : সন্ধ্যা নামতেই গ্রামের পর গ্রাম দাপিয়ে বেড়াচ্ছে ঐরাবতবাহিনী। হাতির তাণ্ডবে নাজেহাল নাগরাকাটার আংরাভাসা ১ নম্বর গ্রাম পঞ্চায়েতের আপার কলাবাড়ি, পূর্ব ও পশ্চিম হৃদয়পুর এবং কলাবাড়ি বস্তি। কারণ, এই চার মৌজায় এক হাজার বিঘার বেশি জমিতে ধান চাষ হয়। আগে বিন্নাগুড়ি ও ডায়না- দুই রেঞ্জের যৌথ সহায়তায় ধানের মরশুমে অন্তত ৭০ শতাংশ ফসল বাঁচানো যেত। এখন পরিস্থিতি সম্পূর্ণ আলাদা। পুরো ফসলই কার্যত হাতির পেটে যাচ্ছে। গ্রামবাসীরা এর জন্য দায়ী করেছেন দুই রেঞ্জের মধ্যে সমন্বয়ের অভাবকে। হাতি তাড়ানোর বিষয়টি নিয়ে এমনই অভিযোগে সরব হয়েছেন এই চার গ্রামের বাসিন্দারা।

সমস্যার সমাধানের দাবিতে শনিবার ওই গ্রামের ১৫ সদস্যের এক প্রতিনিধিদল বন দপ্তরের বন্যপ্রাণ শাখার বিন্নাগুড়ি রেঞ্জ ও টেরিটোরিয়াল শাখার ডায়না রেঞ্জের আধিকারিকদের সঙ্গে দেখা করে। দুই রেঞ্জারের হাতে দাবিপত্রও তুলে দেন তাঁরা। বিন্নাগুড়ি রেঞ্জ অফিসে আধিকারিকদের সঙ্গে সমস্যার ইতিবৃত্ত নিয়ে একটি বৈঠকও হয় দু'পক্ষের মধ্যে। রেঞ্জকর্তারা অবশ্য অভিযোগ মানতে চাননি।

ডায়না রেঞ্জের রেঞ্জার প্রণব দাস বলেন, 'আমাদের ডিউটিতে কোনও খামতি নেই।' বিন্নাগুড়ি রেঞ্জের রেঞ্জার শুভাশিস রায়ের বক্তব্য, 'অন্য স্থানে হাতি তাড়াতে ব্যস্ত থাকলে ওই গ্রামগুলিতে পৌঁছোতে হয়তো দেরি হয়। নয়তো খবর পাওয়ামাত্রই বনকর্মীরা সেখানে ছুটে যান।'

বন দপ্তর নিজেদের সপক্ষে বললেও ডায়নার বনাঞ্চল ঘেঁষা গ্রামগুলির বাসিন্দাদের অভিযোগ সুস্পষ্ট। তাঁদের বক্তব্য, দুই রেঞ্জের মধ্যে সমন্বয়ের অভাব রয়েছে। যার ফল ভুগতে হচ্ছে স্থানীয়দের। বিশেষ করে ফসলের মরশুমে। আপার কলাবাড়ি বস্তির ভক্তেবাহাদুর ছেত্রী নামে এক শিক্ষক বলেন, 'আগে সন্ধের দিকটা ডায়না রেঞ্জের কর্মীরা সামলাতেন। পরে রাতে বিন্নাগুড়ির বন্যপ্রাণ শাখার স্কোয়াড আসত। দু'বছর ধরে এটা হচ্ছে না। এক রেঞ্জকে খবর দিলে আরেক রেঞ্জকে দেখিয়ে দেওয়া হয়। যা পরিস্থিতি, যে কোনও সময় এলাকাগুলিতে বড়সড়ো কোনও বিপর্যয় ঘটে যেতে পারে।'

করোনা সংকটের জেরে স্থানীয়দের অনেকেরই স্থায়ী কোনও কাজ নেই। চাষবাসই এখন তাঁদের পেট চালানোর মূল ভরসা। রামকুমার ছেত্রী নামে এক চাষি বলেন, 'বিঘার পর বিঘা ধানখেত তছনছ করে দিচ্ছে হাতির দল। কীভাবে সংসার চলবে জানা নেই।' আপার কলাবাড়ি বস্তিতে হাতির হামলা ঠেকাতে যে সৌরবিদ্যুৎ চালিত ফেন্সিংটি দীর্ঘদিন ধরে বিকল হয়ে পড়ে আছে, সেটির দ্রুত মেরামতির দাবিতেও সরব হন গ্রামবাসীরা।

আরও ১ শিশুর করোনা

শিলিগুড়ি, ২৫ সেপ্টেম্বর : কার্সিয়াংয়ে ফের এক শিশুর শরীরে করোনার সংক্রমণ মিলল। এ নিয়ে কার্সিয়াংয়ে চারটি শিশু করোনা সংক্রামিত হল। এর মধ্যে একটি শিশু সুস্থ হয়ে বাড়ি ফিরেছে। বাকি তিনটি শিশুকে উত্তরবঙ্গ মেডিকেল কলেজ ও হাসপাতালে রেফার করা হয়েছে।

গত কয়েকদিন ধরেই কার্সিয়াং মহকুমায় শিশুদের করোনা সংক্রামিত হওয়ার ঘটনা ঘটছে। শুক্রবার সোনাদার দেড় বছরের একটি শিশু জ্বর, শ্বাসকষ্ট নিয়ে হাসপাতালে চিকিৎসার জন্য যায়। উপসর্গ দেখে করোনা সন্দেহ হওয়ায় লালার নমুনা নিয়ে পরীক্ষার জন্য পাঠানো হয়। সেখান থেকে পজিটিভ রিপোর্ট আসার পরেই ওই শিশুকে উত্তরবঙ্গ মেডিকেল কলেজ ও হাসপাতালে রেফার করা হয়েছে। শিশুগুলি ভালো রয়েছে বলে মেডিকেল সূত্রের খবর।

শুক্রবার রাত পর্যন্ত ২৪ ঘণ্টায় ১৭টি শিশুকে উত্তরবঙ্গ মেডিকেল কলেজ ও হাসপাতালে ভর্তি করা হয়। এর মধ্যে সাতটি শিশুর জ্বর, শ্বাসকষ্টের উপসর্গ রয়েছে। জলপাইগুড়ি থেকে দুটি এবং বীরপাড়া থেকে একটি শিশুকে এদিন মেডিকেলে রেফার করা হয়।

সম্মেলন

ফাঁসিদেওয়া, ২৫ সেপ্টেম্বর : তৃণমূল কংগ্রেসের মাইনরিটি সেলের কর্মী সম্মেলনে করোনা স্বাস্থ্যবিধি ভাঙার অভিযোগ উঠল। অভিযোগ কার্যত মেনে নিয়ে সভায় স্বাস্থ্যবিধি মানা সম্ভব নয় বলে দাবিও করলেন সংগঠনের জেলা সভাপতি মাহবুব ইসলাম। শনিবার ফাঁসিদেওয়ার চটহাট মিলনগড় হাইস্কুল মাঠে ওই সম্মেলন আয়োজন করা হয়েছিল। অভিযোগ উঠেছে, সম্মেলনে সংগঠনের সদস্যদের অধিকাংশের মুখে মাস্ক ছিল না। দূরত্ববিধিও মানা হয়নি। এই প্রসঙ্গে মাহবুব ইসলাম জানান, এই পরিস্থিতিতে করোনা সংক্রান্ত সব স্বাস্থ্যবিধি মানা সম্ভব নয়।

বোনাসের দাবি

মেটেলি, ২৫ সেপ্টেম্বর : পুজোর আগে ২০ শতাংশ বোনাসের দাবিতে শনিবার সকালে মেটেলি ব্লকের কিলকোট ও নাগেশ্বরী চা বাগানে ফ্যাক্টরির গেটের সামনে গেট মিটিং করল বিভিন্ন শ্রমিক সংগঠন। সকাল সাড়ে ৮টা থেকে সাড়ে ৯টা পর্যন্ত এই গেট মিটিং চলে। কিলকোট ও নাগেশ্বরী চা বাগানের ভারপ্রাপ্ত ম্যানেজার শুভঙ্কর ভুজেল বলেন, 'বিষয়টি উর্ধ্বতন কর্তৃপক্ষকে জানানো হয়েছে। তাদের নির্দেশেই পরবর্তী পদক্ষেপ করা হবে।'

একলা ছাতা, অনেক মাথা।। ইসলামপুরে রাজু দাসের তোলা ছবি।

ধূপগুড়িতে তৃণমূলের অন্দরেই চাপানউতোর

মন্ত্রীর অনুষ্ঠানে নেই নেতারা

ধূপগুড়ি, ২৫ সেপ্টেম্বর : নেতৃত্বের অনুপস্থিতিতে রাজ্যের মন্ত্রীর অনুষ্ঠানে অংশগ্রহণ করা নিয়ে তৃণমূলের অভ্যন্তরে চাপানউতোর পরিস্থিতির সৃষ্টি হল। শনিবার ধূপগুড়ি ব্লকের গধেয়ারকুঠি গ্রাম পঞ্চায়েতের বগরিবাড়ি এলাকায় যোগদান কর্মসূচি অনুষ্ঠিত হয়। সেখানে রাজ্যের অনগ্রসর শ্রেণিকল্যাণ ও আদিবাসী উন্নয়ন দপ্তরের স্বাধীন দায়িত্বপ্রাপ্ত প্রতিমন্ত্রী বুলু চিকবড়াইক আসেন। কিন্তু যোগদান পর্বকে পেছনে ফেলে দলীয় নেতৃত্বের অনুপস্থিতি সকলের দৃষ্টি আকর্ষণ করে।

এদিন অনুষ্ঠান চলাকালীন মঞ্চ থেকে বুলুকে সমর্থক ও বাকিদের সতর্ক করতে দেখা যায়। তিনি বলেন, '২০২১ সালের বিধানসভা নির্বাচনের আগে লক্ষ লক্ষ মানুষ দলে যোগদান করেছেন। কিন্তু ভোটবাক্সে তার মিল ছিল না। যে কারণে ধূপগুড়ি আসনে আমাদের প্রার্থী জিততে পারলেন না।'

> নির্বাচনের আগে লক্ষ লক্ষ মানুষ দলে যোগদান করেছেন। কিন্তু ভোটবাক্সে তার মিল ছিল না।
>
> – বুলু চিকবড়াইক

অনুষ্ঠান মঞ্চে প্রাক্তন বিধায়ক মিতালি রায়, দলের গ্রামীণ সভাপতি কমলরঞ্জন সরকার, অঞ্চল সভাপতি তক্ষমোহন রায় কিংবা স্থানীয় পঞ্চায়েত প্রধান ধর্মনারায়ণ রায়, কাউকেই দেখা যায়নি। বিষয়টি নিয়ে মন্ত্রী অবশ্য সাংবাদিকদের বলেন, 'নেতৃত্বের অনুপস্থিতি কোনও কোন্দল নয়। তাঁরা অন্যত্র বৈঠকে রয়েছেন।'

ধূপগুড়ির গ্রামীণ তৃণমূল নেতৃত্ব সহ অন্যরা এনিয়ে স্পষ্ট কিছু বলতে নারাজ। ধূপগুড়ি বিধানসভা ক্ষেত্রের দলীয় চেয়ারম্যান রাজেশ সিং বলেন, 'এটি দলের অভ্যন্তরীণ বিষয়। আমাদের মধ্যে সব ঠিকঠাকই রয়েছে।' তবে প্রাক্তন বিধায়ক মিতালি রায়ের বক্তব্য, আজকের অনুষ্ঠান সম্পর্কে তিনি অন্ধকারে রয়েছেন। জলপাইগুড়ি জেলা তৃণমূল সভাপতি মহুয়া গোপের ফোন অফ থাকায় যোগাযোগ করা যায়নি।

কোন্দলের জল্পনা

মানিকগঞ্জ, ২৫ সেপ্টেম্বর : জলপাইগুড়ি সদর ব্লক-১ তৃণমূল কংগ্রেসের উদ্যোগে ও তৃণমূল যুব কংগ্রেসের সহযোগিতায় বোনাপাড়া হাইস্কুল প্রাঙ্গণে কর্মীসভার আয়োজন করা হয়েছিল। কর্মীসভায় সদর ব্লকের আটটি গ্রাম পঞ্চায়েত এলাকার নেতৃত্ব ও কর্মীদের আহ্বান জানানো হয়েছিল। কিন্তু অদ্ভুতভাবেই কর্মীসভায় উপস্থিত ছিলেন না ব্লক কমিটি ও শাখা কমিটির এক ঝাঁক নেতৃত্ব। যা নিয়ে উপস্থিত নীচুতলার কর্মীদের মধ্যে জোর জল্পনা শুরু হয়েছে। অথচ এদিনের কর্মীসভায় ২০২৩ পঞ্চায়েত নির্বাচনকে সামনে রেখে সকলকে নিয়ে ঐক্যবদ্ধভাবে সাংগঠনিক শক্তিবৃদ্ধির বার্তা দেওয়া হয়। যা নিয়ে স্বাভাবিকভাবেই অস্বস্তিতে পড়ে দল।

এদিন জলপাইগুড়ি জেলা কমিটির নেতৃত্বকে সংবর্ধনা অনুষ্ঠান ও কর্মীসভায় উপস্থিত ছিলেন জেলা কমিটির সভানেত্রী মহুয়া গোপ, চেয়ারম্যান খগেশ্বর রায়, স্থানীয় বিধায়ক প্রদীপকুমার বর্মা, যুবর জেলা কমিটির সভাপতি সৈকত চ্যাটার্জি, তৃণমূল মহিলার জেলা সভানেত্রী নুরজাহান বেগম সহ অন্যরা।

দলীয় সূত্রে জানা গিয়েছে, এদিনের সংবর্ধনা ও কর্মীসভায় উপস্থিত ছিলেন না ব্লক কমিটি ও শাখা কমিটির এক ঝাঁক নেতৃত্ব। এঁদের মধ্যে উল্লেখযোগ্য হলেন, ব্লক কমিটির সম্পাদক অনির্বাণ দে। তাঁর বাসভবনের ১০ মিটারের মধ্যে সংবর্ধনা ও কর্মীসভাটি অনুষ্ঠিত হয়। তিনি ছাড়াও গোপাল সরকার, অখিল মল্লিক, অন্নকান্ত দাস, নবকুমার সিং সহ অনেকেই উপস্থিত ছিলেন না।

তৃণমূলের ব্লক-১ কমিটির সভাপতি তরুণ বসু বিশ্বাস বিষয়টি অস্বীকার করে বলেন, 'এদিনের কর্মসূচিতে সবস্তরের নেতা-কর্মীদের আহ্বান জানানো হয়েছিল। অনেকেই ব্যক্তিগত সমস্যার জন্য কর্মসূচিতে উপস্থিত থাকতে পারেননি।'

দুর্ঘটনায় মৃত ১

ইসলামপুর, ২৫ সেপ্টেম্বর : শনিবার ইসলামপুর শহরের পাশ দিয়ে যাওয়া ৩১ নম্বর জাতীয় সড়কের ফোর লেন বাইপাসে সড়ক দুর্ঘটনায় মৃত্যু হয় একজনের। গুরুতর আহত হন আরও দুজন। মৃতের নাম রোহন ঝা (১৫)। রোহন ইসলামপুর শহরের হাসপাতালপাড়ার বাসিন্দা ছিল। জখম দুজনও একই শহরের বাসিন্দা।

শ্রীকৃষ্ণপুরের দিক থেকে একটি স্কুটিতে চেপে তিনজন বাইপাসে অলিগঞ্জের দিকে আসছিল। সেই সময় স্কুটি নিয়ন্ত্রণ হারিয়ে সড়কের ধারে থাকা রেলিংয়ে গিয়ে সজোরে ধাক্কা মারে। ঘটনাস্থলেই রোহনের মৃত্যু হয়।

তৃণমূল-বিজেপির রাজনৈতিক তর্জা শুরু

ধূপগুড়ি, ২৫ সেপ্টেম্বর : চাকরি দেওয়ার নাম করে টাকা হাতিয়ে নেওয়ার ঘটনায় ধৃত যুবককে কেন্দ্র করে তৃণমূল কংগ্রেস ও বিজেপির মধ্যে রাজনৈতিক তর্জা শুরু। শুক্রবার বিকেলে ধূপগুড়ির পূর্ব আলতাগ্রামের সোনারভিটা এলাকায় রূপানন্দ রায়ের বাড়িতে বিক্ষোভ দেখান চাকরিপ্রার্থীরা। তাঁদের অভিযোগ, রূপানন্দ টোল প্লাজা ও রাষ্ট্রায়ত্ত ব্যাংকে চাকরি দেওয়ার নাম করে টাকা নিয়েছে। টাকা ফেরতের দাবিতে সরব হন চাকরিপ্রার্থীরা। পরে পুলিশ ওই যুবককে গ্রেপ্তার করে। শনিবার তাকে আদালতে তোলা হলে বিচারক তার তিন দিনের পুলিশ হেপাজতের নির্দেশ দেন। সূত্রের খবর, পুলিশের কাছে রূপানন্দ টাকা নেওয়ার কথা স্বীকার করেছে।

এদিকে, অভিযুক্ত রূপানন্দ রায়ের বাবা সোনারভিটা এলাকার বিজেপি বুথ সভাপতি। আর তারপরেই টাকা হাতিয়ে নেওয়ার সঙ্গে বিজেপির যোগ রয়েছে বলে অভিযোগ তুলেছেন তৃণমূল কংগ্রেস নেতৃত্ব। তবে বিজেপি নেতৃত্ব পুরো বিষয়টি ভিত্তিহীন বলে দাবি করেছেন। তাঁদের পালটা অভিযোগ, টাকা নেওয়ার বিষয়টি মিথ্যা ও তৃণমূলের সাজানো।

ধূপগুড়ি বিজেপির পশ্চিম মণ্ডলের সভাপতি গৌতম সরকার বলেন, 'বিজেপি ক্ষমতায় নেই, আর বিধায়কেরও চাকরি দেওয়ার ক্ষমতা নেই। ওই এলাকায় বিজেপি ভালো কাজ করছে দেখে তৃণমূল নেতারা কয়েকজনকে দিয়ে মিথ্যা অভিযোগ করছে। বিজেপি কাটমানি নেয় না।'

চাকরির নামে প্রতারণা

ধূপগুড়ি বিধানসভা এলাকার তৃণমূল চেয়ারম্যান রাজেশ সিং বলেন, 'বিজেপির কোনও নেতার ছত্রছায়াতেই ওই যুবক চাকরি দেওয়ার নাম করে টাকা তছরুপ করেছে। বিজেপি নেতারা নিজেরাই কাটমানি নিয়ে মানুষকে মিথ্যা প্রতিশ্রুতি দেয়। তারপর দোষ ঢাকতে তৃণমূলকে দোষ দেয়।'

মদ উদ্ধার

বাগডোগরা, ২৫ সেপ্টেম্বর : পুজোর আগে প্রায় ৫০ লক্ষ টাকার অবৈধ মদ বাজেয়াপ্ত করে বড় রকমের সাফল্য পেল আবগারি বিভাগের বাগডোগরা সার্কেল। একটি ১০ চাকার কনটেনার এবং একটি ১২ চাকার ট্রাকে গোপন চেম্বার বানিয়ে অরুণাচলপ্রদেশ থেকে বিহারে পাচার করা হচ্ছিল মদগুলি। কনটেনারের রেজিস্ট্রেশন নম্বর রাজস্থানের, ট্রাকের রেজিস্ট্রেশন নম্বর ঝাড়খণ্ডের। রাজস্থানের গাড়ির চালক এবং ঝাড়খণ্ডের গাড়ির চালক ও সহকারীকে গ্রেপ্তার করেছে আবগারি বিভাগ। মদ সহ গাড়ি দুটিকে আটক করা হয়েছে।

আবগারি বিভাগের বাগডোগরার ওসি সুভাষ হালদার বলেন, 'অরুণাচলপ্রদেশ থেকে বিহারে মদ পাচার হওয়ার আগাম খবর থাকায় আমরা শুক্রবার থেকেই জাতীয় সড়কের প্রতিটি গাড়ির উপরে রাত-দিন নজর রাখছিলাম। শনিবার ভোরে ফুলবাড়ি-ঘোষপুকুর সড়কে দুটি গাড়ি আমরা আটক করি। খাপরাইল রোডে হিমুলের কাছে সরকারি গুদামে এনে গাড়িতে

তল্লাশি করে প্রায় ৬০০ কার্টন মদ বাজেয়াপ্ত করা হয়েছে।' তিনি আরও বলেন, 'বিহারে মদ নিষিদ্ধ থাকায় এবং অরুণাচলে মদের দাম কম থাকার জন্য সেখান থেকে বিহারে মদ পাচারের একটি বড় চক্র সক্রিয় হয়েছে।'

খাবারে ক্ষোভ

চাকুলিয়া, ২৫ সেপ্টেম্বর : নিম্নমানের খাবার দেওয়ার অভিযোগে শনিবার চাকুলিয়া স্বাস্থ্যকেন্দ্রে বিএমওএইচকে ঘিরে বিক্ষোভ দেখালেন রোগী ও রোগীর পরিজনরা। তাঁদের অভিযোগ, স্বাস্থ্যকেন্দ্রে চিকিৎসাধীন রোগীদের যে খাবার দেওয়া হচ্ছে, তা খাওয়ার অযোগ্য। পাশাপাশি, নিয়ম অনুযায়ী রোগীদের যে খাবার দেওয়ার কথা, তাও পরিবেশন করা হয় না।

ওই স্বাস্থ্যকেন্দ্রে চিকিৎসাধীন সাহা আলম বলেন, 'আমি তিনদিন ধরে এখানে চিকিৎসাধীন। যে খাবার খেতে দেওয়া হয়, তা মুখে তোলা যায় না। বাইরে থেকে খাবার কিনে খাওয়া আমার পক্ষে সম্ভব নয়।' আরেক রোগীর আত্মীয় বিবি রেশমার কথায়, 'স্বাস্থ্যকেন্দ্রের দেওয়ালে পথ্যের যে তালিকা রয়েছে, সেই অনুযায়ী খাবার দেওয়া হয় না। খাবারের মানও খুব খারাপ। সকালে রোগীদের ডিম, দুধ ও কলা দেওয়ার কথা থাকলেও তা খেতে দেওয়া হয় না।'

চাকুলিয়া স্বাস্থ্যকেন্দ্রের বিএমওএইচ অমরেন্দ্রনাথ রায় বলেন, 'এলাকার স্বর্ণজয়ন্তী দলের মহিলারা রোগীদের খাবার পরিবেশন করেন। আগামীদিনে যাতে সরকারি নিয়ম মেনে খাবার পরিবেশন করা হয় সেই দিকে লক্ষ্য রাখা হবে।'

প্রায় ঘণ্টাখানেক বিক্ষোভ চলার পর পুলিশ এসে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনে।

নিষেধাজ্ঞা জারি

নকশালবাড়ি, ২৫ সেপ্টেম্বর : নকশালবাড়ি ব্লকের তিনটি মাইনিং ব্লক ছাড়া অন্যত্র বালি তোলার বিষয়ে নিষেধাজ্ঞা জারি হল। নকশালবাড়ি ব্লক ভূমি ও ভূমি রাজস্ব আধিকারিক শুভঙ্কর সাহা সম্প্রতি জারি করা নির্দেশিকায় জানিয়েছেন, নকশালবাড়ি ব্লকের বড় মণিরামজোতের দিপা থাপার ৪.৯৫ একর, সুদর্শন মিশ্রর ৯.৮৮ একর, সিরসা এলাকার এনবি লেবার কন্ট্রাক্টর অ্যান্ড কনস্ট্রাকশন কোম্পানি লিমিটেডের ২.৯৫ একর এলাকা ছাড়া অন্য কোনও জায়গা থেকে বালি তোলা যাবে না। এই তিন জায়গা থেকে কেউ বালি তুললে তা অবৈধ বলে গণ্য করা হবে।

অসুস্থ অরজিৎকে সাহায্য

রাজগঞ্জ, ২৫ সেপ্টেম্বর : শিলিগুড়ির বেসরকারি হাসপাতাল বা নার্সিংহোমগুলি স্বাস্থ্যসাথী কার্ড নিচ্ছে না বলে বারবার অভিযোগ উঠছে। শিলিগুড়ি পুরনিগমের প্রশাসকমণ্ডলীর চেয়ারম্যান গৌতম দেব বেসরকারি হাসপাতাল কর্তৃপক্ষের সঙ্গে বৈঠক করার পরও স্বাস্থ্যসাথী কার্ড নেওয়া হচ্ছে না বলে অভিযোগ উঠছে। শনিবার একই অভিযোগ করেন তৃণমূলের দার্জিলিং জেলার সাধারণ সম্পাদক মদন ভট্টাচার্য। ফুলবাড়ির পশ্চিম ধনতলার অরজিৎ দাস নামে এক ব্যক্তি প্রায় ৬ মাস থেকে লিভারের জটিল রোগে ভুগছেন। স্বাস্থ্যসাথী কার্ড থাকা সত্ত্বেও শিলিগুড়ির বেসরকারি হাসপাতাল তা গ্রাহ্য না করায় বিনা চিকিৎসায় বাড়িতেই শয্যাশায়ী হয়ে আছেন। সংবাদমাধ্যম কর্মীদের থেকে খবর পেয়ে এদিন তাঁর বাড়িতে যান তৃণমূল নেতা মদন ভট্টাচার্য। শিলিগুড়ির বেসরকারি হাসপাতাল স্বাস্থ্যসাথী কার্ডে চিকিৎসা পরিষেবা না দেওয়ায় তাঁকে কলকাতায় নিয়ে চিকিৎসা করানো হবে বলে আশ্বাস দেন। মদনবাবু বলেন, 'রাজ্যের অন্যান্য স্থানে ওই কার্ডে পরিষেবা পাওয়া গেলেও শিলিগুড়ির বিভিন্ন বেসরকারি হাসপাতাল বা নার্সিংহোমে চিকিৎসা পরিষেবা মিলছে না। রোগীকে ভর্তি নেওয়ার সময় স্বাস্থ্যসাথী কার্ডের কথা শুনলেই নানান বাহানা দেখিয়ে ফিরিয়ে দিচ্ছে। অরজিৎ দাসের ক্ষেত্রেও একই ঘটনা ঘটেছে।'

নতুন মুখে ভরসা

বাগডোগরা, ২৫ সেপ্টেম্বর : শক্তি বাড়াতে বিভিন্ন পদে নতুন মুখ আনছে দার্জিলিং জেলা কংগ্রেস (সমতল)। শনিবার বাগডোগরায় বৈঠক করে কয়েকটি অঞ্চলের সভাপতির নাম ঘোষণা করা হয়েছে। আপার বাগডোগরা অঞ্চল সভাপতি হয়েছেন অরুণ রায়, কার্যকরী সভাপতি অনিল সিংহ ও রতন রায়, লোয়ার বাগডোগরা অঞ্চল সভাপতি হয়েছেন নির্মল রায়, কার্যকরী সভাপতি রমেশ রাম। রানিগঞ্জ-পানিশালি অঞ্চল সভাপতি হয়েছেন সন্তোষ সিংহ।

অজগর উদ্ধার

মেটেলি, ২৫ সেপ্টেম্বর : শনিবার মেটেলি ব্লকের চালসা চা বাগানের ১৯ নম্বর সেকশন থেকে ৯ ফুট লম্বা একটি অজগর উদ্ধার হয়। চালসার সর্পপ্রেমী দিবস রাই সাপটি উদ্ধার করেন।

ডালখোলায় মমতা

ডালখোলার অসুরাগড়ে ভক্ত সমাবেশে মমতাবালা ঠাকুর। –সংবাদচিত্র

ডালখোলা, ২৫ সেপ্টেম্বর : উত্তরবঙ্গের মতুয়া সম্প্রদায়ের মানুষের সার্বিক উন্নতির লক্ষ্যে উত্তরবঙ্গ সফরে বেরিয়েছেন অল ইন্ডিয়া মতুয়া মহাসংঘের সংঘাধিপতি তথা মতুয়া উন্নয়ন পর্ষদের চেয়ারম্যান মমতাবালা ঠাকুর। সফর শেষে তিনি রাজ্যের মুখ্যমন্ত্রীকে রিপোর্ট জমা দেবেন বলে জানিয়েছেন।

শনিবার তাঁর উপস্থিতিতে মতুয়া মহাসংঘের ভক্ত সমাবেশ ঘটে ডালখোলার অসুরাগড় শ্রীশ্রী হরি গুরু আশ্রমে। সেখানে বক্তা হিসেবে মমতাবালাদেবী বলেন, 'পিছিয়ে পড়া মতুয়াদের আর্থিক ও সামাজিক উন্নতির লক্ষ্যে উত্তরবঙ্গ সফরে বেরিয়েছি।' সমাবেশে উপস্থিত ছিলেন সংশ্লিষ্ট আশ্রমের সেবাইত বীরেন গোঁসাই, আশ্রমের সম্পাদক প্রহ্লাদ মণ্ডল প্রমুখ। সফর কর্মসূচিতে এদিন ইসলামপুর হয়ে তিনি অসুরাগড় পৌঁছান। এরপর টুঙ্গিদিঘি হয়ে হেমতাবাদে যান।

টুঙ্গিদিঘির সপ্তপল্লিতে আয়োজিত ভক্ত সমাবেশ ও আলোচনা সভায় মমতাবালাদেবী ছাড়াও উপস্থিত ছিলেন করণদিঘির বিধায়ক গৌতম পাল, নমশুদ্র বিকাশ পরিষদের কেন্দ্রীয় কমিটির সদস্য তরুণ বিশ্বাস, উত্তর দিনাজপুর জেলা সম্পাদক সুখেন মজুমদার প্রমুখ। বিধায়ক বলেন, 'মতুয়া মহাসংঘের পাশে রয়েছি। আগামীদিনেও থাকব।'

সচেতনতা শিবির

বাগডোগরা, ২৫ সেপ্টেম্বর : সুমিতা ক্যানসার সোসাইটির তরফে ও আদিবাসী সেবা কেন্দ্রের সহায়তায় শনিবার বাগডোগরার অদূরে অটল চা বাগানের কমিউনিটি হলে ক্যানসার বিষয়ে সচেতনতা শিবির করা হয়। উপস্থিত ছিলেন সোসাইটির তরফে দীপালি মণ্ডল, আদিবাসী সেবা কেন্দ্রের সম্পাদক জি টোপ্পো প্রমুখ। সোসাইটির প্রশাসক লিপি ঘোষ রায় জানান, এদিন চা বাগানের শ্রমিক সহ সংলগ্ন এলাকার ৬০ জন মহিলা শিবিরে উপস্থিত ছিলেন।

বন্ধের সমর্থনে

চালসা, ২৫ সেপ্টেম্বর : আগামী ২৭ সেপ্টেম্বর সংযুক্ত কিষান মোর্চার ডাকে ভারত বনধের সমর্থনে চালসায় মিছিল ও পথসভা করা হল। শনিবার সাড়া ভারত কৃষকসভার মেটেলি থানা কমিটির তরফে ওই মিছিল ও পথসভা হয়। মিছিলটি সিপিএমের দলীয় কার্যালয় থেকে শুরু হয়ে চালসা এলাকা পরিক্রমা করে।

৮ উড়ান বাতিল

বাগডোগরা, ২৫ সেপ্টেম্বর : শনিবার বাগডোগরা বিমানবন্দরে ৮টি উড়ান বাতিল হয়েছে। এদিন ২২টি উড়ান বাগডোগরায় যাতায়াত করেছে। এসেছেন ৩,২১৫ জন যাত্রী।

পুজোর বাজারে অসুর বৃষ্টি

সানি সরকার

শিলিগুড়ি, ২৫ সেপ্টেম্বর : ঝলমলে আকাশ, রাতে শিরশির হালকা হাওয়া। মনোরম আবহাওয়ায় এবার দেবীর বোধন। তবে পুজোর দিনগুলি পেরিয়ে শেষ বর্ষার বৃষ্টিতে ভিজতে পারে উত্তরবঙ্গ। তবে তা নিয়ে কে বা আর চিন্তা করে? সকলেই তো জানতে চান পুজোর আবহাওয়া, কেমন কাটবে ষষ্ঠী থেকে দশমী? তবে পুজো ঝলমলে আবহাওয়ায় হলেও তার আগে জলে ভাসার প্রবল সম্ভাবনা হিমালয় সংলগ্ন উত্তরবঙ্গের। অর্থাৎ অক্টোবরের প্রথম সপ্তাহের বৃষ্টিতে পণ্ড হতে পারে পুজোর শেষ বাজার। আবহাওয়া দপ্তরের সিকিমের কেন্দ্রীয় অধিকর্তা গোপীনাথ রাহা বলেন, 'বর্তমান পরিস্থিতিতে দাঁড়িয়ে বলা যায় পুজোর সময় ভারী বৃষ্টির তেমন কোনও সম্ভাবনা নেই। তবে উত্তর বঙ্গোপসাগরের ওপর একটি নিম্নচাপ সৃষ্টি হতে শুরু করায় নতুন মাসের প্রথম সপ্তাহে বৃষ্টির সম্ভাবনা রয়েছে।'

উত্তরবঙ্গে আশঙ্কার মেঘ

দক্ষিণ ভারতে গুলাব জমাট বাঁধতেই উত্তরের আকাশ থেকে মেঘ উধাও। স্থলভূমে আছড়ে পড়ার আগে ঘূর্ণিঝড়টি যত শক্তিশালী হচ্ছে, মেঘের অভাবে উত্তরে গরম বাড়ছে ততই। আবহাওয়া দপ্তর সূত্রে খবর, রবিবার গুলাব আছড়ে পড়তেই দক্ষিণবঙ্গের মতো উত্তরবঙ্গেও বৃষ্টি নামবে। সোমবারও বিক্ষিপ্তভাবে হালকা বৃষ্টি হওয়ার সম্ভাবনাও রয়েছে। তবে পুজোয় তেমন বৃষ্টির সম্ভাবনা না থাকলেও প্রাকপুজো বৃষ্টি চিন্তায় ফেলতে পারে উদ্যোক্তাদের। ১১ অক্টোবর মহাষষ্ঠীর মধ্যে দিয়ে মূলত পুজো শুরু। তার আগে মণ্ডপ তৈরির কাজে গতি আসে। তাতে এবার বিঘ্ন ঘটতে পারে। কেননা যা পূর্বাভাস রয়েছে, তাতে হিমালয় সংলগ্ন উত্তরবঙ্গে ২ অক্টোবর থেকে টানা পাঁচ-ছয়দিন বিক্ষিপ্তভাবে মাঝারি ধরনের বৃষ্টি হতে পারে। এমন বৃষ্টির জেরে পুজোর শেষ বাজারও পণ্ড হতে পারে। অক্টোবর মাসের প্রথম সপ্তাহে টানা বৃষ্টি হলে শেষ বাজারে সাধারণ মানুষকে যেমন সমস্যায় পড়তে হবে, তেমনই নতুন করে ব্যবসায়িক ক্ষতির মুখে পড়তে হবে পোশাক বিক্রেতাদেরও।

হকার্স কর্নারের পোশাক বিক্রেতা তুতুন বিশ্বাস বলেন, 'তাকিয়ে রয়েছি পুজোর বাজারের দিকে। এর মধ্যে যদি বৃষ্টি হয়, তবে তো ঘুরে দাঁড়ানোই মুশকিল।' একই রকম আশঙ্কার কথা শোনান হিলকার্ট রোডের ফুটপাথের পোশাক বিক্রেতা বাবুন ঘোষ।